

শিক্ষা কর্মকর্তার ডেপুটেশন বাণিজ্য ভান্ডায় বেসরকারি রেজি. স্কুলের শিক্ষকদের সরকারি স্কুলে বদলি

প্রতিনিধি, ভান্ডা (পাবনা)

পাবনার ভান্ডা উপজেলা শিক্ষা অফিসার শাহনাজ বেগমের বিরুদ্ধে সরকারি বিধি লঙ্ঘন করে বেসরকারি রেজি. প্রাথমিক বিদ্যালয় থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক ডেপুটেশনে বদলির অভিযোগ পাওয়া গেছে।

শিক্ষা কর্মকর্তার স্বাক্ষরিত ডেপুটেশন আদেশে দেখা যায়, তিনি উপজেলার কিনাইগাড়ি রেজি. প্রাথমিক বিদ্যালয় থেকে জামাল উদ্দিনকে চাঁচকিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে, লামকান রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে তায়জুল ইসলামকে চরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এবং চর ভান্ডা রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে মোজাম্মেলকে ছোট বিশালাল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬ মাস আগে ডেপুটেশনে বদলি করেন।

গতকাল এ রিপোর্ট লেখার সময় পর্যন্ত ওইসব শিক্ষক ডেপুটেশনে ছিলেন। তাই ওইসব বিদ্যালয়ে পাঠদানের মারাত্মক বিঘ্ন ঘটিছে।

জানা গেছে, মোটা অংকের টাকা উৎকাতের বিনিময়ে সংশ্লিষ্ট শিক্ষকদের সুবিধামতো বিদ্যালয়ে ডেপুটেশন দেয়া হয়। পাবনা জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও রাজশাহী

বিভাগীয় অফিসে যোগাযোগ করে জানা গেছে, বেসরকারি রেজি. প্রাথমিক বিদ্যালয় থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক ডেপুটেশন দেয়ার কোন বিধান নেই। উপজেলা শিক্ষা অফিসার জানান, তিনি যেরূপ ভাল মনে করেন, সেটাই করেছেন। তিনি সাংবাদিকদের এ ব্যাপারে নতুন গল্পবনের পরামর্শ দেন।